

## কেস স্টাডি

আকবর নামে ভারতবর্ষে এক সম্রাট ছিলেন। তিনি ছিলেন খুব বিচক্ষণ সম্রাট। আগেকার দিনে সব রাজার থাকত রাজসভা আর সেই রাজসভাতে সব রাজ্যের জ্ঞানীগুণী মানুষরা থাকতো রাজাকে সুপরামর্শ দেওয়ার জন্য। সেই সময় সব রাজাই তাদের সভায় একজন বিদূষক বা ভাঁড় রাখতেন।

বিদূষকরা হাসির কথা বলে রাজসভাকে মাতিয়ে রাখতেন। বিদূষকরা ছিলেন অসম্ভব গুণী এবং বুদ্ধিমান। আকবরের রাজসভায় যিনি বিদূষক ছিলেন, তাঁর নাম বীরবল। সম্রাট তাঁকে খুব ভালবাসতেন।

i) সুপরামর্শ বলতে কী বোঝো?

ভালো বুদ্ধি দেওয়া / খারাপ বুদ্ধি দেওয়া / দুটো বুদ্ধি দেওয়া / বাজে বুদ্ধি দেওয়া

ii) 'ভাঁড়' বলতে এখানে কী বোঝানো হয়েছে?

চায়ের ভাঁড় / মাটির ভাঁড় / টাকার ভাঁড় / মানুষকে

iii) যে হাসায় তাকে কি বলা হয়?

বিদূষক / জেলে / কামার / কুমোর

iv) বিচক্ষণ সম্রাট কে ছিলেন?

বীরবল / আকবর / হুমায়ুন / বাবর

v) আগেকার দিনে সব রাজাদের কি থাকতো?

রাজসভা / লোকসভা / মন্ত্রিসভা / জনসভা

vi) সভাতে কোথাকার মানুষজন থাকতো?

দেশের মানুষ / জেলার মানুষ / রাজ্যের মানুষ /

বিদেশের মানুষ